দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 17 DEC 2017 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ...১...

# ১৭ ডিসেম্বর খুলছে ডুয়েট

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ।** ঢাকা প্রযুক্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (ডুয়েট) হামলা ও ভাংচুরের ঘটনায় ৪৭ দিন বন্ধ থাকার পর আগামী (১৭ ডিসেম্বর) থেকে বিশ্ববিদ্যালয়ের সকল একাডেমিক কার্যক্রম শুরু হচ্ছে। এর প্রেক্ষিতে ওইদিন সকাল ৮টা হতে আবাসিক হল খোলার ঘোষণা দেয়া হয়েছে। এ ছাড়াও আগামী ২৭ ডিসেম্বর হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং/বি.আর্ক প্রোগ্রামের সকল বর্ষের শিক্ষার্থীদের চলতি সেমিস্টারের ফাইনাল পরীক্ষা শুরু হবে। পরীক্ষা নিয়ন্ত্রক দফতর পরীক্ষার সময়সূচী ঘোষণা করবে। রবিবার ডুয়েটের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

ঢাকা প্রযুক্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) সেমিস্টার পরীক্ষা পেছানোর দাবিতে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা গত ৩১ অক্টোবর রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস, আবাসিক এলাকা ও গাড়িসহ ব্যাপক ভাংচুর করে। এ সময় ছাত্ররা বিশ্ববিদ্যালয় সংলগ্ন সড়কও অবরোধ করে। বিক্ষুব্ধ ছাত্রদের ছোড়া ইট পাটকেলের আঘাতে ও হামলায় অন্তত ১০/১২ জন শিক্ষক আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বিশ্ববিদ্যালয়ের সকল একাডেমিক কার্যক্রম অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

স্বাক্ষর